ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৯– ৩০ জুন, ২০২০

সূচিপত্র

			পৃষ্ঠা নং
		উপক্রমণিকা	৩
		সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৪
সেকশন	১:	সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)	৫
সেকশন	২:	কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬-৯
সংযোজনী	১:	শব্দসংক্ষেপ (Acronyms)	১০
সংযোজনী	২:	কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী	৩:	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা	১২-১৩

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে ২০১৯ সালের ...জুন.......মাসের.....২০........... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Sylhet Gas Fields Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সাম্প্রতিক বছরসমূহে (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়াম পণ্যের উৎপাদন বৃদ্ধির জন্য রশিদপুরে ২টি অনুসন্ধান কূপ ও ১টি উন্নয়ন কূপ খনন, কৈলাশটিলা-১নং কূপের ওয়ার্কওভার, বিয়ানীবাজার-১নং কূপের রিমেডিয়াল ওয়ার্ক ও ৩-ডি সাইসমিক জরিপ রিভিউ সম্পন্ন করেছে। এছাড়াও কোম্পানি গত তিন বছরে রশিদপুরে ৪০০০ বিপিডি কনডেনসেট ফ্র্যাকশনেশন প্লান্ট স্থাপনসহ ৫১০৬৯১ ব্যারেল ধারণ ক্ষমতাসম্পন্ন ১৭টি স্টোরেজ ট্যাংক নির্মাণ, আরসিএফপিতে ৬০০০০ ব্যারেল ও ২০০০০ ব্যারেল ধারণ ক্ষমতাসম্পন্ন ২টি স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ সম্পন্ন করেছে। কোম্পানি গত তিন বছরে প্রায় ১৫৩ বিসিএফ গ্যাস, ১৩২ মিলিয়ন লিটার কনডেনসেট, ৩০৫ মিলিয়ন লিটার পেট্রোল, ৫০ মিলিয়ন লিটার ডিজেল, ৪১ মিলিয়ন লিটার কেরোসিন এবং ৭৫ মিলিয়ন লিটার এনজিএল উৎপাদন করেছে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে কোম্পানি গত তিন বছরে প্রায় ৭৫২ জনবলকে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া কোম্পানিতে ই-ফাইলিং, ই-প্রকিউরমেন্ট ও অনলাইন রিক্রুটমেন্ট পদ্ধতি চালু করা হয়েছে। কোম্পানি গত তিন বছরে সরকারি কোষাগারে প্রায় ২৪৫৭.৭৪ কোটি টাকা জমা প্রদান করেছে এবং উক্ত সময়ে কোম্পানির ৩৭১টি অডিট আপত্তির বিপরীতে ৩৩টি আপত্তি নিষ্পন্ন হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

এসজিএফএল-এর বিভিন্ন ফিল্ডের গ্যাস উৎপাদন ক্রমান্বয়ে হ্রাস পাওয়া, কাঙ্ক্ষিত পরিমাণে কনডেনসেট বরাদ্দ না পাওয়া, উৎপাদিত পেট্রোলিয়াম পণ্যের মূল্য ফিল্ড প্রান্তে হ্রাস পাওয়া, গৃহীত প্রকল্পের যথাযথ বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা এবং উৎপাদিত গ্যাসের মার্জিন অন্যান্য গ্যাস উৎপাদনকারী প্রতিষ্ঠানের তুলনায় কম হওয়ায় আয় কমে যাওয়া কোম্পানির প্রধান সমস্যা।

গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বন্ধ কূপসমূহ ওয়ার্কওভারের মাধ্যমে উৎপাদনে নিয়ে আসা, নতুন কূপ খনন, জনবল নিয়োগ ও কনডেনসেট ফ্র্যাকশনেশন প্লান্টসমূহ পূর্ণ ক্ষমতায় পরিচালনার লক্ষ্যে পর্যাপ্ত পরিমাণে কনডেনসেট প্রাপ্তি, সকল প্লান্ট ও যন্ত্রপাতির ত্রুটিমুক্ত ও যথাযথ পরিচালনা করাসহ সিলেট-৯নং কূপ খনন এবং ৩০০০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট স্থাপন কাজ সুষ্ঠুভাবে সম্পন্নকরণ এসজিএফএল-এর বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সরকারের গৃহীত পরিকল্পনার আওতায় গ্যাস উৎপাদন বৃদ্ধিকল্পে বন্ধ কূপসমূহ ওয়ার্কওভারের মাধ্যমে পুনরুৎপাদনে আনা, বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি জরিপ সম্পাদনপূর্বক জরিপ ফলাফলের ওপর ভিত্তি করে নতুন কূপ খনন করা, ৩-ডি সাইসমিক জরিপ রিভিউ ফলাফলের ভিত্তিতে হরিপুর, কৈলাশটিলা ও রশিদপুর ফিল্ডে আরও কূপ খনন করা, ছাতক স্ট্রাকচারে ও আইওসি অবমুক্ত এলাকায় ৩-ডি জরিপ সম্পাদনপূর্বক জরিপ ফলাফলের ওপর ভিত্তি করে নতুন কূপ খনন করা।

২০১৯-২০ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সিলেট- ৯ নং কূপ (মূল্যায়ন/উন্নয়ন) খনন;
- প্রায় ৪০.১৫ বিসিএফ গ্যাস উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা;
- প্রায় ৩২.০০ মিলিয়ন লিটার কনডেনসেট উৎপাদন করা;
- প্রায় ১৩৬.০০ মিলিয়ন লিটার পেট্রোল, ১৮.০০ মিলিয়ন লিটার ডিজেল, ২০.০০ মিলিয়ন লিটার কেরোসিন ও ২০.০০ মিলিয়ন লিটার অকটেন উৎপাদন করা;
- প্রায় ১৯.০০ মিলিয়ন লিটার এনজিএল উৎপাদন করা এবং
- প্রায় ৪১০ জনবলকে দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে গড়ে তোলা।

সেকশন ১:

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision):

প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত পণ্য উৎপাদন।

১.২ অভিলক্ষ্য (Mission):

প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত পণ্য (পেট্রোল, ডিজেল, কেরোসিন ও অকটেন) উৎপাদনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণ করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধি;
২. মানব সম্পদ উন্নয়ন।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিৎকরণ;
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি এবং
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ।

১.৪ কার্যাবলি (Functions):

১. প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ;
২. গ্যাস উপজাত কনডেনসেট প্রক্রিয়াকরণের মাধ্যমে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও অকটেন উৎপাদন এবং
৩. গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন কূপ খনন এবং বিদ্যমান কূপের ওয়ার্কওভার সম্পাদন।